

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৪৩

আগরতলা, ১৫ ডিসেম্বর, ২০২৩

২০২৩-২৪ শিক্ষাবর্ষে মুখ্যমন্ত্রী যুব যোগাযোগ যোজনার উদ্বোধন
শিক্ষার্থীদের কাছে স্মার্টফোনের গুরুত্ব অপরিহার্য : তথ্য প্রযুক্তিমন্ত্রী



শিক্ষার্থীদের কাছে স্মার্টফোনের গুরুত্ব অপরিহার্য। ডিজিটাল ইন্ডিয়ার সাথে সাথে ডিজিটাল ত্রিপুরা কর্মসূচিকে সফল করে তুলতে শিক্ষার্থীদের জন্য স্মার্টফোন অত্যন্ত প্রয়োজনীয়। শিক্ষার্থীরাই রাষ্ট্র ও রাজ্যের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে সক্ষম। আজ ইন্দ্রনগরে তথ্য প্রযুক্তি ভবনে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে মুখ্যমন্ত্রী যুব যোগাযোগ যোজনার উদ্বোধন করে তথ্য প্রযুক্তিমন্ত্রী প্রণজিৎ সিংহরায় একথা বলেন। অনুষ্ঠানে তথ্য প্রযুক্তিমন্ত্রী বলেন, আগামী ১৫ জানুয়ারি, ২০২৪-এর মধ্যে রাজ্যের সমস্ত সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পাঠরত চূড়ান্ত বর্ষের শিক্ষার্থীরা এই প্রকল্পের জন্য আবেদন করতে পারবে। শিক্ষার্থীদের বিএমএস পোর্টাল <https://bms.tripura.gov.in>-এ স্মার্টফোন ক্রয়ের সুবিধা পাওয়ার জন্য আবেদন করতে হবে। সরকার শিক্ষার্থীদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে এই সহায়তা প্রদান করবে। বর্তমান সময়ে স্মার্টফোন শিক্ষার্থীদের অনলাইন কোর্স বা ক্লাসের জন্য খুবই প্রয়োজনীয় একটি ইলেকট্রনিক ডিভাইস। এই যোজনায় সরকার থেকে প্রত্যেক শিক্ষার্থীকে স্মার্টফোন ক্রয়ের জন্য সর্বোচ্চ ৫ হাজার টাকা সহায়তা দেবে। তিনি বলেন, অনেক অভিভাবকের পক্ষে শিক্ষার্থীদের জন্য স্মার্টফোন ক্রয় করা সম্ভব নয়। তাই সরকার মুখ্যমন্ত্রী যুব যোগাযোগ যোজনায় সহায়তা দিচ্ছে।

অনুষ্ঠানে তথ্য প্রযুক্তিমন্ত্রী প্রণজিৎ সিংহরায় আরও বলেন, ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১২ হাজার শিক্ষার্থীর লক্ষ্যমাত্রা নিয়ে এই যোজনায় চলতি অর্থবছরের বাজেটে ৬ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছিল। কিন্তু মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার উদ্যোগে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে রাজ্যের সমস্ত সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পাঠরত চূড়ান্ত বর্ষের ১৯,৭৯৬ জন শিক্ষার্থীকে এই যোজনার আওতায় আনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এজন্য তহবিলের প্রয়োজনীয়তা বাড়িয়ে ৯.৪৯ কোটি টাকা করা হয়েছে। তিনি বলেন, সরকার প্রতিটি সরকারি অফিসে ই-অফিস ব্যবস্থা চালু করেছে। আগামী ৩১ ডিসেম্বর, ২০২৩-এর মধ্যে কাগজবিহীন অফিস অর্জনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

২-এর পাতায়

উল্লেখ্য, ২০২০-২১ অর্থবছর থেকে এই যোজনাটি বাস্তবায়িত হচ্ছে। ২০২০-২১ অর্থবছরে ৭,২৭৪ জন শিক্ষার্থী, ২০২১-২২ অর্থবছরে ৯,৫৭৯ জন শিক্ষার্থী, ২০২২-২৩ অর্থবছরে ১১,৮৯২ জন শিক্ষার্থী এই যোজনায় উপকৃত হয়েছে। গত ৩ অর্থবছরে ২৮,৭৪৫ জন শিক্ষার্থী এই যোজনায় উপকৃত হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১৪.৩৭ কোটি টাকা। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তথ্য প্রযুক্তি দপ্তরের সচিব কিরণ গিত্যে, তথ্য প্রযুক্তি দপ্তরের অতিরিক্ত অধিকর্তা বিদ্যুৎ দত্ত, অতিরিক্ত অধিকর্তা উত্তম পোদ্দার, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের নোডাল অফিসার ও চূড়ান্ত বর্ষের শিক্ষার্থীরা। তাছাড়াও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণও ভিডিও কনফারেন্সে উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেন।
